



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
প্রশাসন শাখা

...

সভাপতি	ড. আহমেদ উল্লাহ পরিচালক
সভার তারিখ	২৬ অক্টোবর ২০১৯
সভার সময়	সকাল ১০.০০ টা
স্থান	সভাকক্ষ
উপস্থিতি	ইনোভেশন টিম (সংযুক্তি আকারে সন্নিবেশিত)

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। জনকল্যান ও দেশের স্বার্থে গণবান্ধবমুখী উদ্ভাবনী কার্যাবলী সম্পাদনের বিষয়টি গুরুত্বের সাথে আলোচনা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	কারুশিল্পী নিবন্ধন ও উৎসব/অনুষ্ঠানাদিতে অংশগ্রহণের আবেদনপত্র গ্রহণের ওয়েব পোর্টাল তৈরি সংক্রান্ত	ওয়েব পোর্টাল তৈরির জন্য সংশ্লিষ্ট আবেদনপত্র সমূহ তৈরি, ওয়েব ডেভেলপারদের সাথে ধারণাপত্র বিনিময় এবং খরচের প্রাক্কলন উপস্থাপন করতে হবে।	ভারপ্রাপ্ত উপপরিচালক ডিসপ্লে অফিসার তত্ত্বাবধায়ক
০২	কিউ আর (QR) কোডের মাধ্যমে তথ্য প্রদান সংক্রান্ত	পাইলটিং প্রকল্প হিসেবে ফাউন্ডেশনের গুরুত্বপূর্ণ ১০(দশ) টি পয়েন্ট/স্থাপনা নির্ধারণ করে বাংলা ও ইংরেজি ভাষায় নির্ধারিত পয়েন্টসমূহের কনটেন্ট/তথ্যাদি প্রস্তুত করে এবং আনুসঙ্গিক কার্যাবলী সম্পাদনের মাধ্যমে "কিউ আর কোডের মাধ্যমে তথ্য প্রদান" সেবাটি দ্রুত সমাপ্ত করতে হবে।	ডিসপ্লে অফিসার তত্ত্বাবধায়ক
০৩	ডিজিটাল পেমেন্ট ওয়ালেট/ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) এর মাধ্যমে প্রবেশ টিকিট ক্রয় সংক্রান্ত	সেবা প্রদানকারী প্রতিষ্ঠান "বিকাশ" এর সাথে এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর ও প্রয়োজনীয় কার্যাদি সমাপ্ত করে সেবাটি মাঠ পর্যায়ে দ্রুত বাস্তবায়ন করতে হবে।	ভারপ্রাপ্ত উপপরিচালক তত্ত্বাবধায়ক
০৪	ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সংক্রান্ত	ফাউন্ডেশনে আগত দর্শনার্থীদের সুপেয় পানি পানের সুবিধার্থে ২টি স্পট নির্ধারণ করে পানি সঞ্চালন লাইন তৈরির ব্যবস্থা করতে হবে। এই সেবাটি ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) হিসেবে উপস্থাপন করে যথাযথ ডকুমেন্টেশন করতে হবে।	ইনোভেশন টিম ও উপসহকারী প্রকৌশলী

অতঃপর উপস্থিত সকলকে যার যার দায়িত্ব সঠিকভাবে পালনের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. আহমেদ উল্লাহ
পরিচালক


স্মারক নম্বর: ৪৩.২৮.০০০০.১১১.০৫.০০২.১৯.২৩

তারিখ: ১১ কার্তিক ১৪২৬

২৭ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ২) ডিসপ্লে অফিসার, ডিসপ্লে শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৩) রেজিস্ট্রেশন অফিসার, গবেষণা শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৪) একান্ত সহকারী, পরিচালকের দপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৫) প্রধান অফিস সহকারী কাম হিসাবরক্ষক, হিসাব শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৬) উপসহকারী প্রকৌশলী, প্রকৌশল শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৭) গাইড লেকচারার, ডিসপ্লে শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন



ড. আহমেদ উল্লাহ
পরিচালক